**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 15-02-2026** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে SIR-এর শুনানি পর্বের শেষে নোটিশ প্রাপ্তদের মধ্যে প্রাথমিক হিসেব অনুযায়ী প্রায় ৬’লক্ষ ৬১ হাজার নাম ভোটার তালিকা থেকে বাদ পড়তে পারে বলে, নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ ভোটার তালিকায় গরমিলে অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে, আগামী ১৭’ইফেব্রুয়ারি মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার মধ্যে FIR দায়ের সহ যাবতীয় নির্দেশ কার্যকর করতে হবে বলে, নির্বাচন কমিশন রাজ্য সরকারকে জানিয়েছে।

৩/ রাজ্যে জাতীয় শিক্ষা নীতি চালু না ক’রে, তৃণমূল কংগ্রেস সরকার পড়ুয়াদের বাংলা ভাষায় শিক্ষা লাভ থেকে বঞ্চিত করছে বলে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান মন্তব্য করেছেন।

৪/ আজ মহা শিব রাত্রি। রাজ্যের বিভিন্ন শৈব তীর্থে সকাল থেকেই মানুষের ঢল।

৫/ কল্যাণীতে রঞ্জি ট্রফির সেমিফাইনালে আজ বাংলা জম্মু কাশ্মীরের মুখোমুখি হচ্ছে।

৬/ ISL ফুটবল প্রতিযোগিতার প্রথম ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। # আজ মহামেডান স্পোর্টিং খেলবে জামশেদপুর FC-র বিরুদ্ধে।

*******************************************************************************

রাজ্যে SIR-এর শুনানি পর্বের শেষ দিনে প্রাথমিক হিসাব অনুযায়ী প্রায় ৬ লক্ষ ৬১ হাজার ভোটারের নাম বাদ পড়তে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিস পাওয়ার পরেও প্রায় ৪ লক্ষ ৯৮ হাজার ভোটার শুনানিতে হাজির হননি। অন্য দিকে, শুনানির নথি খতিয়ে দেখে মাইক্রো অবজারভাররা প্রায় ১ লক্ষ ৬৩ হাজার ভোটারকে 'অযোগ্য' বলে চিহ্নিত করে কমিশনের কাছে রিপোর্ট পাঠিয়েছেন। কমিশন সূত্রে জানা গিয়েছে, এখনও প্রায় ১৫ লক্ষ ভোটারের নথি যাচাইয়ের কাজ বাকি রয়েছে। পাশাপাশি প্রায় ৫০ লক্ষ ভোটারের নথি পুনরায় যাচাইয়ের জন্য পাঠানো হয়েছে। এ পর্যন্ত মোট ৫ লক্ষ ৪২ হাজার ৫০১টি **ফর্ম সেভেন** জমা পড়েছে বলেও জানা গেছে।

উল্লেখ্য, গত ২৭শে নভেম্বর শুনানি প্রক্রিয়া শুরু হয়েছিল।

এদিকে, নতুন মাইক্রো অবজার্ভারদের প্রশিক্ষণ শুরু করতে রাজ্যের সব জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের তরফে জানানো হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ শেষ করে তাঁদের কাজে নামানো হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক **মনোজ কুমার আগরওয়াল** জানিয়েছেন সংবিধান নির্দিষ্ট ক্ষমতার মধ্যে থেকেই স্বচ্ছ ভোটার তালিকা তৈরির কমিশনের উদ্দেশ্য।

(বাইট – মনোজ কুমার আগরওয়াল )

ভুলভ্রান্তির কারণে যদি নাম চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়ে, তাহলে তারাও নিজেদের দাবি নির্বাচন কমিশনের কাছে জানাতে পারবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

*************************

ভোটার তালিকায় গরমিলে অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে, আগামী ১৭'ইফেব্রুয়ারি মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার মধ্যে FIR দায়ের সহ যাবতীয় নির্দেশ কার্যকর করতে হবে বলে, নির্বাচন কমিশন রাজ্য সরকারকে জানিয়েছে।

এ ব্যাপারে কমিশনের আগের নির্দেশ পালন না করায়, রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে দিল্লিতে তলব করা হয়। সেখানে কমিশনের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠকে

তাঁকে জানাতে বলা হয়, কেন নির্দিষ্ট নির্দেশগুলি এখনও কার্যকর করা যায়নি। নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা ছাড়াই কীভাবে রোল অবজার্ভারদের বদলি করা হল, সে-প্রসঙ্গও বৈঠকে ওঠে।

************************

রাজ্যে বেকার যুবক-যুবতীদের মধ্যে 'যুব সাথী'র আবেদনপত্র বিলির মাধ্যমে আবারো প্রতারণা করা হবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী ২০১৩ সাল থেকে লাগাতার শিক্ষিত বেকার যুবক যুবতীদের সঙ্গে প্রতারণা করছেন। তিনি বেকারদের ওই আবেদন পত্র পূরণ করার পাশাপাশি বিজেপির দেওয়া চাকরি চাই বাংলা আবেদন পত্রটিও পূরণ করে জমা দেওয়ার আর্জি জানিয়েছেন।

(বাইট – শুভেন্দু )

************************

রাজ্যে ক্ষমতায় এলে বিজেপি সংখ্যালঘুদের সামাজিক উন্নয়নে কাজ করবে বলে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। গতকাল কলকাতায় সংখ্যালঘু মোর্চার একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন দলের সংখ্যালঘু মোর্চার নেতৃত্ব এবং কর্মীবৃন্দ।

( বাইট- শমীক মাইনরিটি )

************************

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে দেশের মধ্যে এরাজ্যেই সবচেয়ে বেশি স্কুল, শিক্ষক-শূন্য বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী তথা বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধান অভিযোগ করেছেন। কলকাতায় গতকাল দলীয় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী প্রধান বলেন, দেশের ৭০ শতাংশ স্কুলেই যেখানে ইন্টারনেট রয়েছে, এরাজ্যে সেই হার মাত্র ১৬ শতাংশ।

পশ্চিমবঙ্গে প্যারাটিচার থেকে শুরু করে স্থায়ী শিক্ষক সকলেই বঞ্চিত বলেও উল্লেখ করেন তিনি। ২৩ হাজার চাকরি বাতিল হওয়া নিয়ে রাজ্যের ভূমিকারও সমালোচনা করেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, বারবার বলা সত্ত্বেও রাজ্যে জাতীয় শিক্ষানীতি চালু করা

হচ্ছে না। বাংলার সরকার বাংলা ভাষায় পড়াশোনা করতে দিতে চায় না বলেও এদিন ধর্মেন্দ্র প্রধান মন্তব্য করেছেন।

(বাইট – ধর্মেন্দ্র প্রধান)

************************

রাজ্য পুলিশে ফের রদবদল হয়েছে। মুর্শিদাবাদ-জঙ্গিপুর রেঞ্জের আইজি মুকেশকে রাজ্যের আইবির আইজি পদে নিয়ে আসা হয়েছে। এডিজি (দক্ষিণবঙ্গ) পদে দায়িত্ব দেওয়া হয়েছে রাজীব মিশ্রকে। তিনি এত দিন এডিজি (আধুনিকরণ এবং সমন্বয়) পদে ছিলেন। এ ছাড়াও, লক্ষ্মীনারায়ণ মিনাকে পশ্চিমবঙ্গের কারা বিভাগের এডিজি পদ থেকে সরিয়ে সিআইডির এডিজি করা হয়েছে।

নদিয়া-রানাঘাট রেঞ্জের ডিআইজি সঈদ ওয়াকুর রাজ়াকে মুর্শিদাবাদ রেঞ্জের ডিআইজি করার কথা জানিয়েছে নবান্ন। পাশাপাশি, কৃষ্ণনগর এবং জলপাইগুড়ির পুলিশ সুপার পদেও বদল করা হয়েছে। কৃষ্ণনগর পুলিশ জেলার সুপার অমরনাথ কে-বদলি হয়েছেন জলপাইগুড়িতে। জলপাইগুড়ির এসপি ওয়াই রঘুবংশীকে কৃষ্ণনগর পুলিশ জেলার দায়িত্ব দেওয়া হয়েছে।

************************

এরাজ্য সরকার ফের ‘লক্ষ্মীর ভান্ডার’ প্রকল্পের জন্য আবেদনপত্র জমা নেওয়ার কাজ শুরু করছে। একই সঙ্গে যুবসাথী ও কৃষক বন্ধু প্রকল্পে নথিভূক্তিকরণের জন্য আবেদনপত্র বিলি করা হবে। এজন্য আজ থেকে ২৬-শে ফেব্রুয়ারী পর্যন্ত প্রত্যেক বিধানসভা কেন্দ্রে ‘দুয়ারে সরকারে’র মতো শিবির হবে। পূরণ করা আবেদনপত্রও জমা নেওয়া হবে ওই শিবিরে। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী গতকাল প্রকল্পগুলি নিয়ে জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেছেন।

স্হির হয়েছে, প্রতিটি বিধানসভা কেন্দ্রে একাধিক শিবির করা হবে। প্রতিটি শিবিরেই নারী, শিশু, সমাজ কল্যাণ দফতর, কৃষি ও ক্ষুদ্র সেচ দফতরের আধিকারিকরাও উপস্হিত থাকবেন।

************************

প্রধানমন্ত্রী সড়ক যোজনার অত্যন্ত নিম্নমানের কাজের অভিযোগ তুলে বিজেপি গতকাল বাঁকুড়ার জুনকুড়া মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছে। অবরোধের জেরে সিমলাপাল থেকে মাচাতোড়া যাওয়ার রাস্তায় যান চলাচল সম্পূর্ণ স্তব্ধ হয়ে পড়ে।

জানা গেছে রাস্তা মেরামতের জন্য প্রায় ৭ কোটি টাকা বরাদ্দ করা হলেও কাজ হচ্ছে নিম্নমানের সামগ্রী দিয়ে। তাঁদের দাবি, বেহাল রাস্তার কারণে নিয়মিত দুর্ঘটনা ঘটছে। মাধ্যমিক পরীক্ষার সময় একটি টোটো উল্টে কয়েকজন পরীক্ষার্থী আহতও হয়েছে। সঠিক ভাবে মেরামতের কাজ সম্পূর্ণ না হলে আগামী দিনে বিজেপি আরও বড় আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে।

***********************

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ বেশ কিছু ট্রেন বাতিল থাকছে। আজ হাওড়া থেকে তিনটি, ব্যান্ডেল থেকে তিনটি এবং বর্ধমান ও কাটোয়া থেকে একটি করে লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

***********************

বর্ধমানের কাটোয়া স্টেশনে আজ ভোর চারটে নাগাদ দু নম্বর প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা কাটোয়া-আজিমগঞ্জ ট্রেনের একটি কামরায় আগুন লাগে। দমকলের দুটি ইঞ্জিন ঘন্টাখানেকের চেষ্টায় আগুন নেভায়। হতাহতে কোনো খবর নেই।

***********************

আজ মহা শিবরাত্রি। রাজ্য তথা দেশের বিভিন্ন শৈব তীর্থে ও বিভিন্ন শিব মন্দির এ পুজো দেবেন ভক্তরা। অনেকেই উপবাস করে ধর্মীয় রীতি মেনে শিবের মাথায় জল ঢেলে শিবের উপাসনা ও পুজো সম্পন্ন করে থাকেন এই পূণ্য দিনে। শৈব তীর্থ তারকেশ্বর, জল্পেশ মন্দির, পশু পতি নাথ মন্দির সহ বিভিন্ন শৈব তীর্থে ভক্তরা মহাদেবের পুজো দেবেন। শিবরাত্রি উপলক্ষে আলোক মালায় সাজিয়ে তোলা হয়েছে শিব মন্দিরগুলি।

***********************

দিনের তাপমাত্রা অনেকটা বাড়লেও উত্তুরে বায়ু প্রবাহ বজায় থাকায় রাজ্যের প্রায় সব জায়গাতেই ভোরের দিকে এখনো শীতের আমেজ। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। আগামী এক সপ্তাহ রাজ্যে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

************************

বাংলা ও জম্মু ও কাশ্মীরের মধ্যে পাঁচদিনের রঞ্জি ট্রফির সেমিফাইনাল আজ শুরু হবে। কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমির মাঠে খেলা শুরু সকাল ৯ টায়।

************************

গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়ান্ট জয় দিয়ে আইএসএল অভিযান শুরু করেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান গতকাল ২-০ গোলে কেরালা ব্লাষ্টার্স-কে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ১-০ গোলে এগিয়ে ছিল। মহামেডান স্পোটিং আজ জামশেদপুর এফ সি- র বিরূদ্ধে খেলবে। জামশেদপুরের জেআরডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

********************************************************************